দৈনিক বাংলা ৪০

তারিখ ... 20|11|79 ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

## সরকারী কলেজ শিক্ষকদের ধর্মঘট

(স্টাফ রিপোর্টার)

ঢাকা কলেজ ছাড়া সোমবার রাজধানীর সব কটি সরকারী কলেজের শিক্ষকরা পূর্ণ ধর্মঘট পালন করেন।

বেতন স্কেলে বৈষম্য দূর করাসহ বিভিন্ন দাবীতে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্য এই ধর্মঘটের আহ্বান জানায়। সরকারী কলেজ শিক্ষক সমিতি এক প্রেস বিজ্ঞপ্তিতে দাবী করেছে যে দেশের ৫৪টি সর-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের ধর্মঘট

(১-এর পৃঃ পর)

কারী কলেজেই এদিন ধর্মঘট হয়েছে।

এদিন রাজধানীর তীতুমীর, কবি নজরুল, জগন্নাথ, ইডেন গার্লস, বদরুন্নেছা গার্লস, তেজগাঁ পলিটেকনিক প্রভৃতি সরকারী কলেজে

(৫-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের ধর্মঘট

(১ম পৃঃ পর)

কোন ক্লাশ হয়নি। তবে ঢাকা কলেজে মোটামুটি ক্লাশ হয়েছে। সকালের দিকে সমিতির কর্মকর্তাদের আগমনে এই কলেজে কিছুক্ষণের জন্যে ক্লাশ ব্যাহত হয়। ঢাকা কলেজের অধ্যক্ষ জানিয়েছেন : এই কলেজে অন্যান্য দিনের মত যথারীতি ক্লাশ হয়েছে।

**সরকারী কলেজ শিক্ষক সমিতি**

গতরাতে সরকারী কলেজ শিক্ষক সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে এদিন দেশের ৫৪টি কলেজের শিক্ষকরা পূর্ণ ধর্মঘট পালন করেন। শিক্ষকদের ধর্মঘটের দরুন গতকাল রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষাও অনুষ্ঠিত হয়নি। দাবী আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট চলবে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

**শিক্ষক সমিতি**

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি জনাব আবদুল মান্নান ও সাধারণ সম্পাদক জনাব আবদুল খালেক গতকাল এক বিবৃতিতে শিক্ষক সমিতি ফেডারেশন আহূত কর্মসূচী অনুযায়ী আগামী ২৬শে নবেম্বর দেশের সকল বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় ধর্মঘট পালনের জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

ছাত্রলীগ সভাপতি ও ডাকসুর সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না এবং ডাকসুর সাধারণ সম্পাদক জনাব আখতারুজ্জামান এক বিবৃতিতে শিক্ষকদের দাবী-দাওয়া পূরণ করে অবিলম্বে শিক্ষাঙ্গনের সমস্যা সমাধানের দাবী জানিয়েছেন।

বাংলাদেশ আওয়ামী লীগের (মিজান) সভাপতি জনাব মিজানুর রহমান চৌধুরী ও সাধারণ সম্পাদক অধ্যাপক ইউসুফ আলী ধর্মঘটী বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও সরকারী কলেজ শিক্ষক সমিতির ন্যায্য দাবীগুলো মেনে নিয়ে অচলাবস্থা নিরসনের দাবী জানিয়েছেন।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।